## بَلَاء - পরীক্ষা করা, To test

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়: بَلَاء - পরীক্ষা করা, To test

وَلَنَبْلُوَنَّكُم بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِّنَ الْأَمْوَالِ وَالْأَنفُسِ وَالثَّمَرَاتِ وَبَشِّرِ الصَّابِرِينَ

১. আমি তাদেরকে কিছু ভয়, ক্ষুধা এবং ধন-সম্পদ, জীবন ও ফল-ফসলের ক্ষয়ক্ষতি দ্বারা অবশ্যই পরীক্ষা করব। তুমি সুসংবাদ দাও ধৈর্যশীলদেরকে। (২:১৫৫)

وَلَوْ شَاءَ اللَّهُ لَجَعَلَكُمْ أُمَّةً وَاحِدَةً وَلَٰكِن لِّيَبْلُوَكُمْ فِي مَا آتَاكُمْ فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ

২. আল্লাহ ইচ্ছা করলে তোমাদেরকে এক জাতি করতে পারতেন, কিন্তু তিনি তোমাদেরকে যা দিয়েছেন তা দ্বারা পরীক্ষা করতে চান। সুতরাং সৎকাজে তোমরা প্রতিযোগিতা করো। (৫:৪৮)

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَيَبْلُوَنَّكُمُ اللَّهُ بِشَيْءٍ مِّنَ الصَّيْدِ تَنَالُهُ أَيْدِيكُمْ وَرِمَاحُكُمْ لِيَعْلَمَ اللَّهُ مَن يَخَافُهُ بِالْغَيْبِ

৩. [এহরাম অবস্থায় শিকার করা নিষেধ তাই বলা হচ্ছে] হে ঈমানদারগণ! তোমাদের হাত ও বর্শা যা শিকার করে সে সম্পর্কে আল্লাহ অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করবেন, যাতে আল্লাহ জানতে পারেন যে, কে তাকে ন দেখেও ভয় করে। (৫:৯৪)

وَهُوَ الَّذِي جَعَلَكُمْ خَلَائِفَ الْأَرْضِ وَرَفَعَ بَعْضَكُمْ فَوْقَ بَعْضٍ دَرَجَاتٍ لِّيَبْلُوَكُمْ فِي مَا آتَاكُمْ

৪. তিনি তোমাদেরকে দুনিয়ার প্রতিনিধি বানিয়েছেন এবং যা তিনি তোমাদেরকে দিয়েছেন সে সম্পর্কে পরীক্ষা উদ্দেশ্যে কিছুলোককে কিছু লোকের উপর মর্যাদায় উন্নীত করেছেন। (৬:১৬৫)

كَذَٰلِكَ نَبْلُوهُم بِمَا كَانُوا۟ يَفْسُقُونَ

৫. এভাবে আমি তাদের পরীক্ষা করেছিলাম, যেহেতু তারা ফসেক ছিল। (৭:১৬৩)

২

[শনিবার মাছ ধরা আল্লাহ নিষেধ করেছিলেন বনী ইসরাঈলের এ গোষ্ঠীকে। তাদের পরীক্ষার জন্য শনিবার দিন বেশি বেশি মাছ পানিতে ভেসে তাদের কাছে আসতো। তারা এ নিষেধ অমান্য করে ফাসেক (সত্যত্যাগী) হোল]

وَبَلَوْنَـٰهُم بِٱلْحَسَنَـٰتِ وَٱلسَّيِّـَٔاتِ لَعَلَّهُمْ يَرْجِعُونَ

৬. মঙ্গোল ও অমংগল দ্বারা আমি তাদেরকে পরীক্ষা করি, যাতে তারা প্রত্যাবর্তন করে। (৭:১৬৮)

هُنَالِكَ تَبْلُوا۟ كُلُّ نَفْسٍ مَّا أَسْلَفَتْ

৭. সেখানে (বিচারের দিন) তারা প্রত্যেকে তাদের পূর্ব (দুনিয়ার) কৃতকর্ম পরীক্ষা করবে। (১০:৩০)

وَهُوَ ٱلَّذِى خَلَقَ ٱلسَّمَـٰوَٰتِ وَٱلْأَرْضَ فِى سِتَّةِ أَيَّامٍ وَكَانَ عَرْشُهُۥ عَلَى ٱلْمَآءِ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا

৮. আর তিনিই আকাশমন্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, তখন তার আরশ ছিল পানির উপর তোমাদের মধ্যে কে আমলে শ্রেষ্ঠ তা পরীক্ষা করার জন্যে। (১১:৭)

إِنَّمَا يَبْلُوكُمُ ٱللَّهُ بِهِۦ

৯. আল্লাহ তো ইহা (প্রবঞ্চনার জন্য তোমরা শপথ ভঙ্গ করা) দ্বারা তোমাদের পরীক্ষা করেন। (১৬:৯২)

إِنَّا جَعَلْنَا مَا عَلَى الْأَرْضِ زِينَةً لَّهَا لِنَبْلُوَهُمْ أَيُّهُمْ أَحْسَنُ عَمَلًا

১০. পৃথিবীর উপর যা কিছু আছে আমি সেগুলোকে উহার শোভা করেছি, তাদেরকে (মানুষকে) পরীক্ষা করার জন্য তাদের মধ্যে কে শ্রেষ্ঠ আমল করে। (১৮:৭)

كُلُّ نَفْسٍ ذَآئِقَةُ الْمَوْتِ وَنَبْلُوكُم بِالشَّرِّ وَالْخَيْرِ فِتْنَةً

১১. প্রত্যেকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করবে। আমি তোমাদেরকে মন্দ ও ভালো দ্বারা বিশেষভাবে পরীক্ষা করে থাকি। (২১:৩৫)

قَالَ هَـٰذَا مِن فَضْلِ رَبِّى لِيَبْلُوَنِىٓ ءَأَشْكُرُ أَمْ أَكْفُرُ

১২. [বিলকিস রানীর সিংহাসন যখন চোখের পলকের মধ্যে কিতাবের জ্ঞানসম্পন্ন ব্যাক্তি সুলাইমানের দরবারে এনে ছিল তখন সুলাইমান বলল] সে বললো, এটা আমার প্রতিপালকের অনুগ্রহ যাতে তিনি আমাকে পরীক্ষা করতে পারেন আমি কৃতজ্ঞ না অকৃতজ্ঞ। (২৭:৪০)

Click here [http://www.morningbrightness.fi/](http://www.morningbrightness.fi/)



وَلَـٰكِن لِّيَبْلُوَا۟ بَعْضَكُم بِبَعْضٍ

১৩. কিন্তু তিনি (আল্লাহ) চান তোমাদের একজনকে অপরের দ্বারা পরীক্ষা করতে (মুসলমান ও কাফেরদের মধ্যে যুদ্ধের সময়)। (৪৭:৪)

وَلَنَبْلُوَنَّكُمْ حَتَّىٰ نَعْلَمَ الْمُجَـٰهِدِينَ مِنكُمْ وَالصَّـٰبِرِينَ وَنَبْلُوَا۟ أَخْبَارَكُمْ

১৪. আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব, যতক্ষন না আমি জেনে নেই তোমাদের মধ্যে জিহাদকারী ও ধৈর্যশীলদেরকে এবং আমি তোমাদের ব্যাপারে পরীক্ষা করি। (৪৭:৩১)

الَّذِى خَلَقَ الْمَوْتَ وَالْحَيَوٰةَ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا

১৫. যিনি সৃষ্টি করেছেন মৃত্যু ও জীবন, তোমাদেরকে পরীক্ষা করার জন্য কে তোমাদের মধ্যে আমলে (কাজে) উত্তম? (৬৭:২)

يَوْمَ تُبْلَى السَّرَائِرُ

১৬. সে দিন (বিচারের দিন) গোপন বিষয় পরীক্ষিত হবে। (৮৬:৯)

لَتُبْلَوُنَّ فِىٓ أَمْوٰلِكُمْ وَأَنفُسِكُمْ

১৭. নিশ্চয়ই তোমাদেরকে ধনসম্পদ ও জীবন সম্পর্কে পরীক্ষা করা হবে। (৩:১৮৬)

وَلِيُبْلِىَ الْمُؤْمِنِينَ مِنْهُ بَلَاءً حَسَنًا

১৮. এবং ইহা আল্লাহর পক্ষ থেকে মুমিনদেরকে উত্তমরূপে পরীক্ষা করার জন্য। (৮:১৭)

[বদরের যুদ্ধে রাসূলুল্লাহ কাফেরদের দিকে কংকর নিক্ষেপ করেছিলেন। এই কংকর শত্রুদের চোখে পতিত হয়েছিল এবং তারা দুর্বল হয়ে পড়েছিল। আল্লাহ বলেছেন: তোমরা কাফেরদের হত্যা করেনি, আমি করেছি এবং শেষে বলেছেন ইহা মুমিনদেরকে ভালোভাবে পরীক্ষা করার জন্য করা হয়েছিল]

وَإِذِ ابْتَلَىٰٓ إِبْرٰهِـمَ رَبُّهُ بِكَلِمٰتٍ فَأَتَمَّهُنَّ

১৯. এবং স্মরণ করো, যখন ইব্রাহিমকে তার প্রতিপালক কয়েকটি কথা দ্বারা পরীক্ষা করেছিলেন এবং সে সেগুলো পূরণ করেছিল। (২:১২৪)

Click here http://www.morningbrightness.fi/

[অগ্নিতে নিক্ষেপ (২১:৬৮), হিজরত ও সন্তানকে কুরবানী করার নির্দেশ (৩৭:১০২) এগুলো পরীক্ষা ছিল]

ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ

২০. অতঃপর তিনি পরীক্ষা করার জন্য তোমাদেরকে তাদের থেকে ফিরিয়ে দিলেন। (৩:১৫২)

[উহুদের যুদ্ধে প্রথম পর্যায় মুসলমানগণ জয়লাভ করেছিলেন। কিন্তু পাহাড়ের ঘাটিতে মোতায়েনকৃত মুসলিম সৈনিকদলের একটি অংশ রাসূল (স:) আর নির্দেশ অমান্য করে ঘাঁটি ত্যাগ করেছিল। এই সুযোগে কাফের দল পেছন দিক থেকে মুসলমানদের আক্রমণ করলে মুসলমানগণ বিপর্যয়ের সম্মুখীন হয়েছিল। ঘটনাটি উল্লেখ করে ভবিষ্যতের জন্য সতর্ক করা হয়েছে]

وَلِيَبْتَلِيَ اللَّهُ مَا فِي صُدُورِكُمْ وَلِيُمَحِّصَ مَا فِي قُلُوبِكُمْ

২১. ইহা এজন্য যে, তোমাদের অন্তরে যা আছে তা পরীক্ষা করেন এবং তোমাদের অন্তরে যা আছে তা পরিশোধন করেন। (৩:১৫৪)

[উহুদের যুদ্ধের বিপর্যয় দ্বারা আল্লাহ তোমাদের অন্তর পরীক্ষা ও পরিশোধন করেছেন]

وَابْتَلُواْ الْيَتَامَى حَتَّىَ إِذَا بَلَغُواْ النِّكَاحَ فَإِنْ ءَانَسْتُم مِّنْهُمْ رُشْدًا فَادْفَعُواْ إِلَيْهِمْ أَمْوَالَهُمْ

২২. ইয়াতীমদের পরীক্ষা করবে যে পর্যন্ত না তারা বিবাহযোগ্য হয়; এবং তাদের মধ্যে ভালোমন্দ বিবেচনার উপযুক্ত মনে হলে তাদের সম্পদ তাদেরকে ফিরিয়ে দিবে। (৪:৬)

هُنَالِكَ ابْتُلِيَ الْمُؤْمِنُونَ وَزُلْزِلُواْ زِلْزَالاً شَدِيدًا

২৩. তখন মুমিনগন পরীক্ষিত হয়েছিল এবং তারা ভীষণভাবে প্রকম্পিত হয়েছিল. (৩৩:১ ১)

[খন্দকের যুদ্ধের সময়ের বর্ণনা। কুরায়েশ, ইহুদি এবং অন্যান্য কতিপয় গোত্রের সম্মিলিত বাহিনী মদীনা আক্রমণ করেছিল। এ যুদ্ধকে اَحْزَاب ও বলা হয় অর্থাৎ দলসমূহ। মদিনা নিরাপদ রাখার জন্য মুসলমানগণ খন্দক (পরীক্ষা) খনন করেছিলেন। এ যুদ্ধে মুসলমানদেরকে আল্লাহ বিজয় দান করেছিলেন]

Click here http://www.morningbrightness.fi/

৫

সূরা ৩৩ আহযাব আর ৯ থেকে ২০ আয়াতসমূহে এ যুদ্ধের কিছু বিবরণ উল্লেখ করা হয়েছে।

إِنَّا خَلَقْنَا الْإِنسَانَ مِن نُّطْفَةٍ أَمْشَاجٍ نَّبْتَلِيهِ فَجَعَلْنَٰهُ سَمِيعًا بَصِيرًا

২৪. আমি তো মানুষকে সৃষ্টি করেছি মিলিত শুক্র বিন্দু হতে, তাকে পরীক্ষা করার জন্য, এজন্য আমি তাকে করেছি শ্রবণ ও দৃষ্টিশক্তি সম্পন্ন। (৭৬:২)

فَأَمَّا الْإِنسَانُ إِذَا مَا ابْتَلَٰهُ رَبُّهُ فَأَكْرَمَهُ وَنَعَّمَهُ فَيَقُولُ رَبِّى أَكْرَمَنِ

২৫. মানুষ এমন যে, তার প্রতিপালক যখন তাকে পরীক্ষা করেন সম্মান ও অনুগ্রহ দান ক'রে, তখন সে বলে, 'আমার রব আমাকে সম্মানিত করেছেন।' (৮৯:১৫)

وَأَمَّا إِذَا مَا ابْتَلَٰهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ رَبِّى أَهَٰنَنِ

২৬. আর যখন তিনি তাকে পরীক্ষা করেন তার রিযক সঙ্কুচিত ক'রে, তখন সে বলে, 'আমার রব আমাকে লাঞ্ছিত করেছেন।' (৮৯:১৬)

وَإِذْ نَجَّيْنَٰكُم مِّنْ ءَالِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوءَ الْعَذَابِ يُذَبِّحُونَ أَبْنَاءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَاءَكُمْ وَفِى ذَٰلِكُم بَلَاءٌ مِّن رَّبِّكُمْ عَظِيمٌ

২৭. স্মরণ কর, আমি তোমাদেরকে ফির‘আউনের সম্প্রদায় হতে বিমুক্ত করেছিলাম - তারা তোমাদেরকে কঠোর শাস্তি প্রদান করত, তোমাদের পুত্রদেরকে হত্যা করত এবং তোমাদের কন্যাদেরকে জীবিত রাখত এবং এতে তোমাদের রাব্ব হতে তোমাদের জন্য মহাপরীক্ষা ছিল। (২:৪৯)

وَإِذْ أَنجَيْنَٰكُم مِّنْ ءَالِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوٓءَ ٱلْعَذَابِ يُقَتِّلُونَ أَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَآءَكُمْ وَفِى ذَٰلِكُم بَلَآءٌ مِّن رَّبِّكُمْ عَظِيمٌ

২৮. স্মরণ কর সেই সময়টির কথা, যখন আমি তোমাদেরকে ফির‘আউনের অনুসারীদের দাসত্ব হতে মুক্তি দিয়েছি, যারা তোমাদেরকে অতিশয় মর্মান্তিক, কষ্টদায়ক ও ন্যাক্কারজনক শাস্তি দিত, তোমাদের পুত্রদেরকে হত্যা করত এবং নারীদেরকে জীবিত রাখত। এটা ছিল তোমাদের জন্য তোমাদের রবের পক্ষ থেকে মহাপরীক্ষা। (৭:১৪১)

Click here http://www.morningbrightness.fi/



وَإِذْ قَالَ مُوسَىٰ لِقَوْمِهِ ٱذْكُرُوا۟ نِعْمَةَ ٱللَّهِ عَلَيْكُمْ إِذْ أَنجَىٰكُم مِّنْ ءَالِ فِرْعَوْنَ يَسُومُونَكُمْ سُوٓءَ ٱلْعَذَابِ وَيُذَبِّحُونَ أَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُونَ نِسَآءَكُمْ وَفِى ذَٰلِكُم بَلَآءٌ مِّن رَّبِّكُمْ عَظِيمٌ

২৯. যখন মূসা তার সম্প্রদায়কে বলেছিলঃ তোমরা আল্লাহর অনুগ্রহ স্মরণ কর যখন তিনি তোমাদেরকে রক্ষা করেছিলেন ফির‘আউন সম্প্রদায়ের কবল হতে যারা তোমাদেরকে নিকৃষ্ট শাস্তি দিত, তোমাদের পুত্রদেরকে যবাহ করত ও তোমাদের নারীদেরকে জীবিত রাখত; এবং এতে ছিল তোমাদের রবের পক্ষ হতে এক মহাপরীক্ষা। (১৪:৬)

إِنَّ هَـٰذَا لَهُوَ ٱلْبَلَـٰٓؤُا۟ ٱلْمُبِينُ

৩০. নিশ্চয়ই ইহা ছিল এক স্পষ্ট পরীক্ষা। (৩৭:১ ০)

وَءَاتَيْنَـٰهُم مِّنَ ٱلْـَٔايَـٰتِ مَا فِيهِ بَلَـٰٓؤٌا۟ مُّبِينٌ

৩১. এবং তাদেরকে (বনী ইস্রাঈলদেরকে) দিয়েছিলাম নিদর্শনাবলী, যা ছিল সুস্পষ্ট পরীক্ষা। (৪৪:৩৩)

إِنَّا بَلَوْنَـٰهُمْ كَمَا بَلَوْنَآ أَصْحَـٰبَ ٱلْجَنَّةِ إِذْ أَقْسَمُوا۟ لَيَصْرِمُنَّهَا مُصْبِحِينَ

৩২. আমি তাদেরকে (কুরাইশ কাফের সর্দার ওলীদ ইবনে মুগীরা ও অন্যান্য মুশরিকদেরকে উল্লেখ করা হয়েছে ৬৮/১০ থেকে ১৫ আয়াত। এবং পরে ১৭ নম্বর আয়াতে বাগান ওয়ালার উদাহরণ দেয়া হয়েছে. সে বাগান আল্লাহ ধংস করে দিয়েছিলেন ৬৮/১৭ থেকে ৩২ আয়াত) পরীক্ষা করেছি, যেভাবে পরীক্ষা করেছিলাম বাগান ওয়ালাদের, যখন তারা শপথ করেছিল যে, সকাল বেলা তারা বাগানের ফল আহরণ করবে। (৬৮:১৭)

Click here http://www.morningbrightness.fi/



فَلَمَّا فَصَلَ طَالُوتُ بِٱلْجُنُودِ قَالَ إِنَّ ٱللَّهَ مُبْتَلِيكُم بِنَهَرٍ فَمَن شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّى وَمَن لَّمْ يَطْعَمْهُ فَإِنَّهُۥ مِنِّىٓ إِلَّا مَنِ ٱغْتَرَفَ غُرْفَةًۢ بِيَدِهِۦ فَشَرِبُوا۟ مِنْهُ إِلَّا قَلِيلًا مِّنْهُمْ فَلَمَّا جَاوَزَهُۥ هُوَ وَٱلَّذِينَ ءَامَنُوا۟ مَعَهُۥ قَالُوا۟

لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوتَ وَجُنُودِهِ قَالَ الَّذِينَ يَظُنُّونَ أَنَّهُم مُّلَـٰقُوا اللَّهِ كَم مِّن فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّـٰبِرِينَ

৩৩. অতঃপর যখন তালূত সৈন্যদলসহ বহির্গত হয়েছিল তখন সে বলেছিল, নিশ্চয়ই আল্লাহ একটি নদী দ্বারা তোমাদেরকে পরীক্ষা করবেন, ওটা হতে যে পান করবে সে আমার দলভুক্ত নয় এবং যে স্বীয় হস্ত দ্বারা অঞ্জলি পূর্ণ করে নিবে এবং তদ্ব্যতীত সে আর আস্বাদন করবেনা সে নিশ্চয়ই আমার লোক; কিন্তু তাদের মধ্যে অল্প সংখ্যক ব্যতীত অন্য সবাই সেই নদীর পানি পান করল, অতঃপর যখন সে ও তার সঙ্গী বিশ্বাস স্থাপনকারীগণ নদী অতিক্রম করে গেল তখন তারা বললঃ জালুত ও তার সেনাবাহিনীর মুকাবিলা করার শক্তি আজ আমাদের নেই; পক্ষান্তরে যারা বিশ্বাস করত যে, তাদেরকে আল্লাহর সাথে সাক্ষাৎ করতে হবে তারা বললঃ আল্লাহর হুকুমে কত ক্ষুদ্র দল কত বৃহৎ দলকে পরাজিত করেছে; বস্তুতঃ ধৈর্যশীলদের সঙ্গী হচ্ছেন আল্লাহ! (২:২৪৯)

إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَـٰتٍ وَإِن كُنَّا لَمُبْتَلِينَ

৩৪. ইহাতে অবশ্যই নিদর্শন রয়েছে. আর আমি তো তাদেরকে পরীক্ষা করেছিলাম। (২৩:৩০)

**[সূরা ২৩ মুমিনুন আয়াত ২৩ থেকে ৩২ পর্যন্ত নূহের কওমের বিরোধিতা ও মহাপ্লাবনের বর্ণনা করে বলা হচ্ছে: এটা পরীক্ষা।]**

প্রিয় ভাই ও বোনেরা আসুন আমরা দোয়া করি হে আল্লাহ! আমাদের জন্য পরীক্ষা সহজ করে দিন এবং আমাদেরকে আপনার অনুগ্রহে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার তৌফিক দান করুন।

পরীক্ষা পাশ ছাড়া জান্নাত লাভ সহজ হবে না।

সুতরাং আমাদেরকে পরীক্ষা পাশ করার দৃঢ় ঈমান দান করুন, হে আমাদের প্রতিপালক।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

**Click here** [**http://www.morningbrightness.fi/**](http://www.morningbrightness.fi/)